




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
মুমিনুনিসা সরকারি মহিলা কলেজ
ময়মনসিংহ।

E-mail: muminunnisagovtcollege@gmail.com
Website: www.mugmc.edu.bd



তারিখ : ১৪/০৬/২০২১

২০২০-২১ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক একাদশ শ্রেণির (২০২২ সালের এইচএসসি পরীক্ষার্থী)
ছাত্রীদের অ্যাসাইনমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি


এতদ্বারা মুমিনুনিসা সরকারি মহিলা কলেজের ২০২০-২১ শিক্ষাবর্ষের অ্যাসাইনমেন্ট গ্রহণ/জমাদানের নির্দেশনা ও বিস্তারিত সময়সূচি নিম্নে প্রদত্ত হলো। ছাত্রীদেরকে উক্ত নির্দেশনা অনুসরণপূর্বক ও নির্ধারিত সময়সূচি অনুযায়ী অ্যাসাইনমেন্ট গ্রহণ/ জমাদানের জন্য বিশেষভাবে নির্দেশ দেওয়া যাচ্ছে। উল্লেখ্য অ্যাসাইনমেন্ট জমা দেয়া বাধ্যতামূলক।

অভিভাবকগণের প্রতি পরামর্শ :

১. শিক্ষার্থীদের সরকার প্রদত্ত স্বাস্থ্যবিধি অনুসরণে উৎসাহিত করা;
২. শিক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের মূল্যায়ন প্রক্রিয়া তাদের শিখন ফল অর্জন যাচাই এবং কোন কোন ক্ষেত্রে তাদের ঘাটতি রয়েছে তা নিরূপণ করবে। তাই শিক্ষার্থী নিজে যাতে এ কার্যক্রমে অংশগ্রহণ করে তা নিশ্চিত করা;
৩. শিক্ষার্থীর অনুধাবন ক্ষমতা ও সৃজনশীলতা বৃদ্ধির জন্য তাদের সক্রিয় অংশগ্রহণে উৎসাহিত করা;
৪. শিক্ষার্থী যেন সময়মত অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ সম্পন্ন করে এবং তা যেন নির্ধারিত সময়ে জমা দেয় তা নিশ্চিত করা;
৫. নোট, গাইড, অনলাইন বা অন্য কারো লেখা থেকে ছবছ লিখে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হবে তাই শিক্ষার্থীদের নিজেদের মতো করে লেখার প্রতি উৎসাহিত করা।

শিক্ষার্থীদের জন্য নির্দেশনা :

১. শিক্ষার্থীদের শিখনফল অর্জনই মূল উদ্দেশ্য। পরবর্তী শ্রেণি/উচ্চ শিক্ষার ক্ষেত্রে এটি সুবিধা প্রদান করবে। তাই জরুরি বিবেচনায় সকল নির্দেশনা অনুসরণ করতে হবে;
২. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ তৈরি করতে এনসিটিবি প্রণীত/অনুমোদিত/প্রকাশিত নির্ধারিত শিক্ষাবর্ষের পাঠ্যপুস্তক ব্যবহার করতে হবে;
৩. মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষার্থীদের নিজস্বতা, স্বকীয়তা ও সৃজনশীলতা যাচাই করা হবে। তাই নোট, গাইড বা অন্যের লেখা দেখে অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ জমা দিলে তা বাতিল হয়ে যাবে এবং পুনরায় সেই অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ প্রণয়ন করে জমা দিতে হবে;
৪. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ নিজের হাতে লিখতে হবে।
৫. অ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ লেখার ক্ষেত্রে A ফোর সাইজের সাদা কাগজ ব্যবহার করতে হবে। কাগজের এক পৃষ্ঠায় লিখতে হবে।
৬. বিজ্ঞান বিভাগের অ্যাসাইনমেন্ট প্রতি সোমবার এবং মানবিক বিভাগের অ্যাসাইনমেন্ট প্রতি মঙ্গলবার জমা দিতে হবে।
৭. অ্যাসাইনমেন্টের প্রথম পৃষ্ঠার নমুনা এবং অ্যাসাইনমেন্ট জমা দেওয়ার সময়সূচি পৃথক কাগজে দেওয়া হলো।



প্রফেসর মোঃ আবু তাহের

অধ্যক্ষ

মুমিনুনিসা সরকারি মহিলা কলেজ

ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৭২৪৭।

বিতরণ-

১. উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২. সম্পাদক, শিক্ষক পরিষদ, অত্র কলেজ।
৩. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, অত্র কলেজ।
৪. আইসিটি বিভাগ, অত্র কলেজ।
৫. সকল নোটিশ বোর্ড, অত্র কলেজ।
৬. সংরক্ষণ নথি।